গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
**www.sarishabari.jamalpur.gov.bd**

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর জুলাই/২০২৩ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ১৩-০৭-২০২৩ খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ । | খরিপ- ১ মৌসুমে আবাদকৃত আউশ ধান এবং পাট ফসলের অবস্থা সন্তোষজনক । এ বছর ৪০৩০ হেক্টর জমিতে পাটের আবাদ হয়েছে । ইতিমধ্যে পাট কর্তন শুরু হয়েছে । খরিপ-২ মৌসুমে এ পর্যন্ত রোপা আমন ফসলের ৫৬৮ হে. জমিতে বীজতলা করা হয়েছে । মাঠের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান । | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিক ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | ক. উপজেলা স্বাস্থ্য বিভাগে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। সারাদেশে ডেঙ্গু রোগের সংক্রামন ক্রমশ বৃদ্ধি পাচ্ছে । জুলাই/ ২০২৩ সরিষাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মোট ৪০ জন রোগী ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে । এদের মধ্যে ১৩ জন সস্থ হয়েছেন এবং ২৭ জন অন্যত্র চিকিৎসার জন্য অন্যত্র বদলী হয়েছেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু রোগের নির্ণয়ে পরীক্ষার ব্যবস্থা রয়েছে এবং ডেঙ্গু- চিকিৎসার উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হয়েছে । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত বর্জ্য অপসারন এবং মশক বিরোধী স্প্রে- ব্যবস্থা করার জন্য সম্মানিত পৌরসভার মেয়র মহোদয়ের সু-দৃষ্টি কমনা করা হচ্ছে । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বহিঃ বিভাগ আন্ত বিভাগে রোগীর শংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে । পর্যাপ্ত ঔষুধের সরবরাহ রয়েছে, প্যাথলজি বিভাগ এবং রেডিওলজি বিভাগে ক্রমশ রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে । অপারেশন থিয়েটারে নিয়মিত অপারেশন হচ্ছে ।<br>খ. জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ দ্বারা নির্মিত ২১ শয্যা বিশিষ্ট করোনা আইসোলেশন ইউনিটটি দ্রুত চালু করার স্বার্থে প্রস্তাবিত সংস্কার কাজ দ্রুত শুরু করার আহ্বান জানানো হচ্ছে । | ক সারাদেশে ডেঙ্গু রোগের সংক্রামন ক্রমশ বৃদ্ধি পাচ্ছে । জুলাই/ ২০২৩ সরিষাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মোট ৪০ জন রোগী ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে । এদের মধ্যে ১৩ জন সুস্থ হয়েছেন এবং ২৭ জন অন্যত্র চিকিৎসার জন্য অন্যত্র বদলী হয়েছেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত বর্জ্য অপসারন এবং মশক বিরোধী স্প্রে- ব্যবস্থা করার জন্য সম্মানিত পৌরসভার মেয়র মহোদয়ের সু-দৃষ্টি কমনা ।<br>খ..নবনির্মিত আইসোলেশন ইউনিটের দ্রুত চালু করার স্বার্থে প্রস্তাবিত সংস্কার কাজ দ্রুত শুরু করা । | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি- ২৮,০০১ টি, হাঁস-মুরগী- ২,৯৩৬১৪ টি। টিকা প্রদান গবাদিপ্রাণি ৫৭,০১৬ মাত্রা, হাঁস-মুরগী- ৮,৭৩,১০০ মাত্রা । প্রশিক্ষণ- ৬৭৪ জন, কৃত্রিম প্রজনন- ৯,৫৫৮ টি বাচ্চা | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উৎপাদন ৩,৬৩৮ টি, রাজস্ব আদায়- টিকা -২,৪৩০৫৫/- কৃত্রিম প্রজনন- ২,৮৬৯১০/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন-৫৮৩৬৫। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | **" নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ "** এই স্লোগানকে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত ২৪ জুলাই হতে ৩০ জুলাই ২০২৩ খ্রি: সপ্তাহব্যাপি কর্মসূচী সফল ভাবে পালিত হয়েছে।<br>জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২৩ উপলক্ষ্যে উপজেলা পরিষদ পুকুরে ৩০ কেজি পোনামাছ অবমুক্তকরণ , ০৪ জন সফল মৎস্যচাষীকে পুরস্কার প্রদান, ২২ জন চাষিকে মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, ২৮ জন চাষির পুকুরের পানি পরীক্ষা এবং মৎস্যচাষিদের নিরাপদ মৎস্য চাষ বিষয়ক ২০ জন সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. ২৪ জুলাই হতে ৩০ জুলাই ২০২৩ খ্রি: সপ্তাহব্যাপি কর্মসূচী সফল ভাবে পালিত হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২৩ উপলক্ষ্যে উপজেলা পরিষদ পুকুরে ৩০ কেজি পোনামাছ অবমুক্তকরণ , ০৪ জন সফল মৎস্যচাষীকে পুরস্কার প্রদান এবং ২২ কে পরামর্শ প্রদান করা হয় । | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. ভাটারা ইউপি- দিগপাইত ভায়া সিদ্দিক বাজার সড়কের ১১.৯৫০ মিটার চেইনেজ এ অতি বর্ষনের ফলে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয় এবং যান চলাচল বিঘ্ন ঘটে যার ফলে রাস্তাটি মেরামত করা প্রয়োজন ।<br>খ. উপজেলা মাধ্যমি শিক্ষা অফিসের একাডেমিক সুপার ভাইজার এর কক্ষে একটি সিলিং ফ্যান এর প্রয়োজন ।<br>গ. উপজেলা চেয়ারম্যান সভায় জানতে চান যে, উপজেলা চেয়ারম্যান এর বাসভবন নির্মান কাজ প্রায় ৪ বছর এর অধিক সময় হতে নির্মান কাজ হচ্ছে এর মধ্যে প্রায় ৬ মাস যাবত এর কাজ বন্দ আছে উক্ত বিষয় সম্পর্কে উপজেলা প্রকৌশলীর কাছে জানতে চান । উপজেলা প্রকৌশলীর বলেন ভবন নির্মান কাজ শেষ করারজন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে তাগিদ পত্র দেওয়া হয়েছে । | ক. উপজেলা চেয়ারম্যান উপজেলা প্রকৌশলীকে আইসোলেশন সেন্টার এর নিরাপত্তা জনিত সমস্যা দ্রুত সমাধান করার জন্য বলেন ।<br>খ. উপজেলা চেয়ারম্যান এর বাসভবন নির্মান কাজ আগামী এক মাসের মধ্যে নির্মান কাজ শেষ না হলে , ঠিকাদার প্রতিষ্ঠান এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য । | ক.উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | অত্র উপজেলার বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩, ৩১ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে সমাপ্ত করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। ইউনিয়ন পর্যায়ে খেলা চলমান রয়েছে । রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী নির্মাণের জন্য মেহগনি গাছ নিলামের জন্য প্রধান শিক্ষক উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী,জামালপুর মহোদয় বরাবর আবেদন করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়ার জন্য সভায় অনুরোধ করা হয়। এছাড়া শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক. মেহগনি গাছ নিলামের বিক্রির বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়ার জন্য সভায় অনুরোধ করা হয়। এছাড়া শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. ২০২১ সালের ডিগ্রী ২য় বর্ষ ও সমমান পর্যায়ের নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । ২০২৩ সালের এস.এস.সি ও সমমান পর্যায়ে পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে । এস.এস.সি পরীক্ষার্থীর সংখ্যা ৩৬৩৫ জন পাস করেছে ৩১৮১ জন জিপিএ ৫- ৪৯৩ জন পাসের হার ৮৭.৫৩% , দাখিল পরীক্ষার্থীর সংখ্যা ৪৯৫ জন পাস করেছে ৪০৩ জন জিপিএ ৫- ২৪ জন পাসের হার ৮১.৪১% , এস.এস.সি ভোকেশনাল পরীক্ষার্থীর সংখ্যা ৪৭৪ জন পাস করেছে ৪৩৫ | ক.। ২০২৩ সালের এস.এস.সি ও সমমান পর্যায়ে পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে পাসের হার ৮১.৪১% সার্বিক ভাবে পরীক্ষা ফলাফল সন্তোষজনক । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জন জিপিএ ৫- ৭০ জন পাসের হার ৯১.৭৭% এবং দাখিল ভোকেশনাল পরীক্ষার্থীর সংখ্যা ০৩ জন পাস করেছে ০৩ জন পাসের হার ১০০% । সার্বিক ভাবে পরীক্ষা ফলাফল সন্তোষজন । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে । | | |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | ক.উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, মোতাবেক বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা বিশেষশিক্ষা উপবৃত্তির উপকার ভোগীর লাইভ ভেরিফিকেশন ও নীতি মালার আলোকে প্রতি স্থাপনের জন্য সমাজসেবা অধিদফতরের স্মারকনং ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ তারিখঃ ২৬ জুন ২০২৩খ্রি. পত্রের মাধ্যমে সমাজসেবা অধিদফতর থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ২২.০৬.২০২৩ খ্রি.তারিখে উপজেলা পরিষদ, সরিষাবাড়ীর মাসিক সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি সার্বিক সহযোগিতায় উপকার ভোগীর লাইভ ভেরিফিকেশন সমপন্ন করার এবং নীতি মালার আলোকে উপকার ভোগী প্রতি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটিও পৌরসভার বরাবর উপকার ভোগীর তালিকা প্রেরণ করা হয়েছে । মৃত, নিখোঁজ, বিধবাভাতা ভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে, অন্যান্যদের নীতি মালা অনুযায়ী তাদের প্রতিস্থাপন করতে হবে ।প্রতিমঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পযন্ত প্রতিবন্ধী জরিপ কাজ অনুষ্ঠিত হয় । পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিডদগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন পত্রটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে।<br>খ. উপজেলা সমাজসেবা কার্যালয়ের দুটি অফিস ভবন মেরামতের জন্য সমাজসেবা অধিদপ্তর হতে মোট ৯,৯৬,০৯১/- বরাদ্দ পাওয়া গেছে । মাটি ভরাটের ও ওয়াশ রুম / টয়লেট এর জন্য বরাদ্দ নেই। এমতাবস্থায়, গত সভায় সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ীকে ভবন দুটির প্রাক্কলন প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করেন । এলজিইডি, সরিষাবাড়ী ভবন দুটি পরিমাপ করেছেন । এমতাবস্থায় দ্রুত কাজ শুরু করার জন্য উপজেলা পরিষদের আর্থিক সহায়তার জন্য অনুরোধ করা হলো। | ক. উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি ও পৌরসভা বরাবর উপকার ভোগীর তালিকা প্রেরণ এবং মৃত, নিখোঁজ, বিধবাভাতাভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে তাদের নীতিমালা অনুযায়ী প্রতিস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. সভায় সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সরিষাবাড়ীকে ভবন দুটির প্রাক্কলন প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করেন, এবং উপজেলা পরিষদের উন্নয়ন (রাজস্ব) তহবিল হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী।<br>খ.সকল সদস্য উপজেলা পরিষদ, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক.উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ০০, মোট সম্পাদন ১৯২ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে- ২৩ টি, মোট সম্পাদন ৬০ টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ৪৫,৭০০ মোট সম্পাদন ১,৪৬,০০০/- -,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ৫৩,৩০৮/- মোট সম্পাদন ৫৮,৮৪৫/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ০ টি, মোট সম্পাদন ১৭৭ টি, সমবায় | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০২ টি, মোট সম্পাদন ৩৫ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ০ মোট সম্পাদন ৮০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ৪ টি মোট ১৫ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৪৫,৫০০/- মোট সম্পাদন ৯,৫৮,৫০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৪৫০/-, মোট সম্পাদন ১৪,২১৩/- , । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, চলতি অর্থ বছরে আত্ম কর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৭টি ব্যাচে ৩০ জন করে ২১০ জন। চলতি অর্থ বছরে জুন/ ২০২৩ খ্রিঃ পর্যন্ত ৭টি ব্যাচে ২১০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অর্থ বছরে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী ও আত্ম কর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩২,৬০,০০০/= (বত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা।চলতি অর্থ বছরে জুন/২০২৩ খ্রিঃ পর্যন্ত পরিবার ভিত্তিক ৩য় দফায় ৪৬ জন কে এবং আত্ম কর্মসংস্থান কর্মসূচীতে ৩৯ জনকে মোট = ৮৫জনকে ৩৩,৪৫,০০০/- (তেত্রিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে।অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন জুন /২০২৩ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩৩১৪৯৪,মোট সক্ষম দম্পতি ৬৬৪৯০ জন,পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০৮ জন, আই. ইউ. ডি ২৮ জন , ইমপ্লান্ট-৩২ জন, ইনজেকশন ২১৩৫ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৭০২৮ চক্র. খাবার বড়ি (আপন) ৫২১ চক্র, কনডম- ২৯২৮২ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি সুবিধাভোগীদের জুলাই/২০২৩ ইং মাসের ভিডব্লিউবি বরাদ্দ না থাকায় ডিও প্রদান করা সম্ভব হয়নি। বরাদ্দ সার্পেক্ষে ডিও প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় জুন ও জুলাই /২০২৩ মাসে কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সার্পেক্ষে নতুন সুবিধাভোগী অন্তভূক্ত করা হবে এবং জুলাই ২০২২ হতে মে ২০২৩ পর্যন্ত মা ও শিশু সহায়তা কর্মসূচী নির্বাচিত সুবিধাভোগী গণের মধ্যে ৯৭% সুবিধাভোগী হিসাব নাম্বারে টাকা পেয়েছেন মর্মে জানা যায়। অবশিষ্ট ৩% সুবিধাভোগীদের তথ্যের ত্রুটিপূর্ণ থাকায় অর্থ বরাদ্দ সম্ভব হয়নি। যা সমাধানের ব্যবস্থা করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সংগীত ও আবৃত্তির কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। অত্র কার্যালয়ের আওতাধীন শিমলা গোপিনাথ মৌজা ১৫ শতাংশ জমির উপর ইতি মধ্যে যথাযথ আদালত কর্তৃক ১৪৪/১৪৫ ধারা জারি কার্যক্রম অবহ্যত রয়েছে আগামী ০৮/০৮/২০২৩ ইং তারিখে বিবাদী পক্ষে প্রয়োজনীয় কাগজ পত্র জমা দানের লক্ষ্যে যথাযথ আদালতে তারিখ নির্ধারণ করা হয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম সাভাবিক ভাবে পরিচালিত হয়ে আসছে। | ক.২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি সুবিধাভোগীদের জুলাই/২০২৩ ইং মাসের ভিডব্লিউবি বরাদ্দ না থাকায় ডিও প্রদান করা সম্ভব হয়নি। বরাদ্দ সার্পেক্ষে ডিও প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় জুন ও জুলাই /২০২৩ মাসে কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সার্পেক্ষে নতুন সুবিধাভোগী অন্তভূক্ত করা হবে । । অত্র কার্যালয়ের আওতাধীন শিমলা গোপিনাথ মৌজা ১৫ শতাংশ জমির উপর ইতি মধ্যে যথাযথ আদালত কর্তৃক ১৪৪/১৪৫ ধারা জারি কার্যক্রম অবহ্যত রয়েছে । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ক. বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | (বি.আর.ডিবি। | কাজ চলমান রয়েছে। ১. মূলকর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচনকর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনেরলক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. অংশীদারিত্বমূলক পল্লীউন্নয়ন কর্মসূচী(পিআরডিপি-৩) ৭. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্ন কর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৮. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটিপ্রকল্প/কর্মসূচীরকাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে অপ্রধান শস্য প্রকল্পের ৩টি ব্যচে ৩ দিনব্যাপী ১২০ জন সুফলভোগী সদস্যদের প্রশিক্ষণ ও ৬৫ জন সুফলভোগী সদস্যের মাঝে বিনামূল্যে পেয়াজের বীজ বিতরন সম্পন্ন হয়েছে। অংশীদারিত্বমূলক কর্মসূচী (পিআরডিপি-৩) ২০২২-২৩ অর্থ বছরে ২টি ইউনিয়নে মহাদান ও ভাটারাতে মোট ৮টি স্কীমের মধ্যে ০৪টি স্কীম বাস্তবায়ন সম্পূর্ন হয়েছে। বাকী ০৪টি স্কীমের কাজ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যয়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | | অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋন বিতরণ ৬৯.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায় ৭১.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ৩.৫০(লক্ষ টাকা) চলতি সঞ্চয় ফেরৎ ২.২০(লক্ষ টাকা) চলতি মাসে খেলাপী ১০৬.২০(লক্ষ টাকা) , সদ্যমাঠে পাওনার ঋনের পরিমান ৪৬৪.৫০/-(লক্ষ) টাকা। ঋন আদায়ের হার ৯৮% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋন আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%খেলাপী ঋনের পরিমান ১৫.০০(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১৭২.৬০ (লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋন আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৮%, মোট খেলাপী ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৪৬.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে সরিষাবাড়ী উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৫০টি চরাঞ্চলের টিনের ঘরের কাজ চলমান রয়েছে । আগষ্ট/২০২৩ মাসের মাননী প্রধানমন্ত্রী শুভ উদভোধন করবেন । ২০২২- ২০২৩ অর্থ বছরে মাননীয় | উপজেলায় ২০২২-২০২৩ অর্থ বছরে ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে । ভূমিহীন ও গৃহহীনদের ৫০ গৃহ নির্মান কাজ চলমান রয়েছে । আগষ্ট/২০২৩ মাসের | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | এমপি মহোদয়ের নামে বিশেষ ২০০ বান্ডিল ঢেউটিন ও জেলা প্রশাসকের কার্যালয় হতে ৪৬ বান্ডিল ঢেউটিন বরাদ্দ পাওয়া গিয়াছে । টি আর ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে । অতি দ্রুত কাজ সকল চেয়ারম্যানকে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো । | মাননী প্রধানমন্ত্রী শুভ উদদ্বোধন করবেন । | |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরাসন প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ইং অর্থ বছরের বরাদ্দকৃত ২০৮ টি সাবমার্সিবল পাম্প ও জলাধারসহ অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে ।<br>২০২১-২০২২ অর্থ বছরে মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায়০৪ (চার) টি পাবলিক টয়লেট নির্মানকাজ চলমান আছে । এবং ০৯ (নয়) টি হ্যান্ড ওয়াশিংবেসিন ও চলমান পানি সরবরাহ স্থাপনের নির্বাচিত স্থানের তালিকা পাওয়া গিয়াছে । বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে । | খ. সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ইং বছরের বরাদ্দকৃত ২০৮ টি সাবমার্সিবল পাম্প ও জলাধারসহ অগভীর নলকূপের স্থাপনের কাজ চলমান আছে । | ক. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | কোন কার্যপত্র পাওয়া যায় নাই । | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | উপজেলা চেয়ারম্যান উপজেলা বন কর্মকর্তকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিষদ সিএ কে অহবান করেন । | | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৭১০ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৭৩১৪ জন (এসএমইসহ)।সদস্যর সঞ্চয় আছে ৬৩৭,৭৩,১২৮/-টাকা ও ঋণের স্থিতি আছে ১৮,৮৫,৫৯,৮৫২/-। এ পর্যন্ত শাখায় ৯৯৭ জন সদস্য প্রত্যাহার হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে আদায় ১১ কোটি ১ লক্ষ টাকা ও বিতরণ ১০ কোটি ০২ লক্ষ টাকা। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৬৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৭৭১জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে আদায় ১১ কোটি ১ লক্ষ টাকা ও বিতরণ ১০ কোটি ০২ লক্ষ টাকা। | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সরিষাবাড়ী। |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি'র আওতায় ৬ষ্ঠ পর্যায়ের উপজেলা পরিষদের দক্ষতা মূল্যায়ন কার্যক্রমটি সুন্দর ভাবে সম্পন্ন করা হয়েছে। পরবর্তী সময়ের জন্য উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হাল নাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজেলা পরিষদের উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হাল নাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ক. ইউডিএফ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী। |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | খরিপ-১ মৌসুমে আবাদকৃত আউশ ধান এবং পাট ফসলের অবস্থা সন্তোষজনক। এ বছর ৪০৩০ হেক্টর জমিতে পাটের আবাদ হয়েছে। ইতিমধ্যে পাট কর্তন শুরু হয়েছে। খরিপ-২ মৌসুমে এ পর্যন্ত রোপা আমন ফসলের ৫৬৮ হে. জমিতে বীজ তলা করা হয়েছে। মাঠের সার্বিক কার্যক্রম সন্তোষ | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |

উপজেলা পরিষদের জুলাই /২০২৩ ইং মাসিক সভার হাজিরা তারিখ ঃ- ১৩ / ০৭/২০২৩খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো ঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | [signature] | |
| ০২। | জনাব,শারমিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী | [signature] | 01720097020০ |
| ০৩। | আবুল কালাম আজাদ | [signature] | |
| ০৪। | প্রকৌ: মনজুর মোর্শেদ, নির্বাহী প্রকৌশলী: পাওয়ার, সরিষাবাড়ী | [signature] | 01732551265 |
| ০৫। | অনুপ সিংহ উপজেলা কৃষি অফিসার | [signature] | ০১৭২৪৮৬৬৫৮৮ |
| ০৬। | ডা.মো. বাকী বিল্লাহ UHAPPO | [signature] | 01700286680 |
| ০৭। | আব্দুর রহমান চেয়ারম্যান ... ইউ: | [signature] | ০১৭১৫ ৩৪১৫ ৯১০ |
| ০৮। | মো: আবু হাসেম চেয়ারম্যান ৩নং আওনা ইউনিয়ন | [signature] | ০১৭১২৪৪৭০৫ ২৪ |
| ০৯। | এ,কে,এম, আনিসুর রহমান- চেয়ারম্যান ৪নং মহাদান ইউ: পি: | [signature] | 01716-680232 |
| ১০। | মো: আসাদুজ্জামান আজম- ভারপ্রাপ্ত চেয়ারম্যান ২নং পোগলদিঘা ইউ: পি: | [signature] | |
| ১১। | মোছাম্মৎ রোকসানা পারভীন | [signature] | 01728529583 |
| ১২। | মো: হুমায়ুন কবীর, PIO | [signature] | 01722-584397 |
| ১৩। | মো: সুমন মিয়া SAE, DPHE | [signature] | 01614747493 |
| ১৪। | মো: মোজাম্মেল হক, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] | 01938-879315 |
| ১৫। | মো: নজরুল ইসলাম UDMO | [signature] | 01721646732 |
| ১৬। | মো: আতিকুর রহমান, USSO | [signature] | 01729525260 |
| ১৭। | মো: জাহিদুল ইসলাম AUFPO | [signature] | 01713048644 |
| ১৮। | মো: আসাদুজ্জামান আজম, UDF | [signature] | 01734-354293 |
| ১৯। | মো: সালাউদ্দিন সরকার - RDO | [signature] | 01716-491683 |
| ২০ | মো: মোজাম্মেল হক, USEO | [signature] | 01712145591 |

| | | | |
|---|---|---|---|
| ২০। | নাহিদা ইয়াসমীন | [signature] | 01718160216 |
| ২১। | মোঃ আবদুল হালিম. UCO, | [signature] | 01714788610 |
| ২২। | সুলেখা [illegible], SUFO | [signature] | 01798703848 |
| ২৩। | ডাঃ পলাশ কান্তি দত্ত, ULO | [signature] | 01324290117 |
| ২৪। | মুহাম্মদ মহব্বত কবীর O/C | [signature] | 01320-105205 |
| ২৫। | মোছাঃ দেলোঃ আক্তার [illegible] চেয়ারম্যান | [signature] | |
| ২৬। | মোঃ জাহিদুল ইসলাম | [signature] | |
| ২৭। | মোঃ রিফাত হোসেন, SAJDO | [signature] | 01738098965 |
| ২৮। | | | |
| ২৯। | | | |
| ৩০। | | | |
| ৩১। | | | |
| ৩২। | | | |
| ৩৩। | | | |
| ৩৪। | | | |
| ৩৫। | | | |
| ৩৬। | | | |
| ৩৭। | | | |